অবুঝ শিশু ফাতেমার রাস্তা পার হওয়া আর হলো না

ঝিনাইদহে ট্রাকের ধাক্কায় ফাতেমা (৫) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। মঙ্গলবার বিকাল ৩টার দিকে ঝিনাইদহ চুয়াডাঙ্গা সড়কের জেলা কারাগারের সামনে এ দুর্ঘটনাটি ঘটে। নিহত শিশু সদর উপজেলার বাড়িবাথান চরপাড়া গ্রামের মাজেদ হোসেনের মেয়ে। এদিকে শিশুটির মৃত্যুর ঘটনার প্রতিবাদে ওই এলাকার বিক্ষুব্ধ লোকজন রাস্তা অবরোধ করে রাখে। এ সময় ব্যস্ত ওই সড়কে দীর্ঘ যানজটের সৃৃষ্ট হয়। পরে পুলিশ গিয়ে উত্তেজিত লোকজনকে বুঝিয়ে পরিস্থিতি শান্ত করে। ঝিনাইদহ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার সুমন আলি জানান, দুপুরে শিশু ফাতেমা তার খালুর সাথে বেটারি চালিত ইজিবাইকে আত্মীয় বাড়িতে যাচ্ছিল। তারা ঝিনাইদহ জেলা কারাগারের সামনে এসে গাড়ি থেকে নেমে শিশুর খালু গাড়ি ভাড়া দিচ্ছিলেন আর শিশু ফাতেমা সড়কের উপর দিয়ে দৌড় দিয়ে রাস্তা পারাপারের সময় ঝিনাইদহ গামি একটি ট্রাক তাকে থাক্কা দিলে ঘটনাস্থালেই সে মারা যায়। ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা এই ঘটনার সত্যতা নিশ্চিত করেন। তিনি বলেন, স্থানীয় লোকজনের সহায়তায় ট্রাকটিকে আটক করা গেলেও চালক পালিয়ে গেছে।

মানুষ এখন ঘরে বসেই পাবে ভূমি সেবা- জেলা প্রশাসক নজরুল ইসলাম

জীবননগরে সহকারী কমিশনার ভূমি অফিসের উর্দ্ধমুখী সম্প্রসারণ ও মেরামত কাজের উদ্বোধন করা হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলা চত্বরে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে জীবননগরে সহকারী কমিশনার ভূমি অফিসের উর্দ্ধমুখী সম্প্রসারণ ও মেরামত কাজের উদ্বোধন করেন চুয়াডাঙ্গার জেলা প্রশাসক মোঃ

নজরুল ইসলাম সরকার।এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার আরিফুল ইসলাম,জীবননগর পৌর মেয়র রফিকুল ইসলাম,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলাম,পৌর কাউন্সিলার জামাল হোসেন খোকন,পৌর যুবলীগের সভাপতি শাহ আলম শরিফুল ইসলাম ছোট বাবু।এ সময় প্রধান অতিথি বলেন,যত দিন যাচ্ছে বাংলাদেশ তত উন্নত হচ্ছে।ডিজিটাল হচ্ছে দেশের সমস্থ সেবা কেন্দ্রগুলো।মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে যে ভাবে উন্নয়নমুলক কাজকর্ম করছে তা অকল্পনীয়।বাংলাদেশের প্রতিটি উপজেলার ভূমি অফিস অনলাইজেশনের আওতায় আনা হচ্ছে যেখানে সাধারন মানুষ হাতের মুঠোই সেবা পাবে।ঘরে বসে নিজের জমির হিসাব দেখতে পাবে ।এক জনের জমি অপর জন নিতে পারবে না ।এবং ভুয়া কাগজপত্র করলে মুহুত্বের মধ্যে ধরা পড়ে যাবে।ভূমি অফিসে এসে আর কাউকে জটিলতায় পড়তে হবে না এবং কাউকে ঘুষ দিয়ে কোন কাজ করতে হবে না নিজের কাজ নিজেই করতে পারবে ।ইতোমধ্যেই অনলাইনের কাজ শুরু হয়েছে আশা করি খুব শিঘ্রই এ কাজ শেষ হবে ।এর আগে মাননীয় জেলা প্রশাসক মহাদয় জীবননগর থানা পরিদর্শন করেন।

মুজিবনগরে কেদারগঞ্জ বাজারে জাপানি হোন্ডা মটরসাইকেল শো রুমের উদ্বোধন

মুজিবনগর উপজেলার প্রাণকেন্দ্র কেদারগঞ্জ বাজারে জাপানি ব্যান্ড হোন্ডা মটরসাইকেল শো রুমের কাজী মটরর্স এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।মঙ্গলবার বিকেলে উদ্বোধন উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
কাজী মটরর্স এর সত্বাধিকারী কাজী খয়রুদ্দীন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন কেদারগঞ্জ বাজার ব্যাবসায়ী কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক,বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন হোন্ডা কোম্পানীর রিজিওনাল ম্যানেজার(সেলস্) আহম্মেদ নাফিস আল ইসলাম।এরিয়া ইনচার্জ
(ডিলার ডেভেলপমেন্ট) শরীফুল ইসলামের সঞ্চালনায় অন্যদের মধ্যে

উপস্থিত থেকে বক্তব্য রাখেন রিজিওনাল ম্যানেজার(সার্ভিস) কামরুল হাসান,এরিয়া ইনচার্জ(সেলস্) নাসিফ আহম্মেদ কাজী মটরর্স এর ইনচার্য মোস্তাফা সরোয়ার,বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন, অনুষ্ঠানে আনুষ্ঠানিক ভাবে কাজী মটরর্স এর সত্বাধিকারী কাজী খয়রুদ্দীন এর হতে হোন্ডা কোম্পানির ডিলারশীপ এর সনদ তুলে দেন হোন্ডা কোম্পানীর রিজিওনাল ম্যানেজার(সেলস্) আহম্মেদ নাফিস আল ইসলাম।

বাল্যবিবাহ প্রতিরোধে মেহেরপুরে এনসিটিএফ’র কর্মশালা

ন্যাশনাল চিলড্রেনস ট্রাস্কফোর্স এনসিটিএফ এর উদ্যোগে বাল্যবিবাহ প্রতিরোধে শিশু, তরুণ এবং অভিভাবকদের করণীয় শীর্ষক সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
মঙ্গলবার দুপুরের দিকে সেভ দ্য চিলড্রেন এর সহযোগিতায় মেহেরপুর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি কার্যালয়ের হলরুমে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।
কর্মশালায় মেহেরপুর জেলা এনসিটিএফ এর সভাপতি ফাহিম রুমের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও শহর আওয়ামীলীগের সভাপতি এ্যাডভোকেট ইয়ারুল ইসলাম। মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় এনসিটিএফ এর সভাপতি কাওছার আহমেদ ও জেলা এনসিটিএফ’র যুগ্মসাধারণ সম্পাদক নওরীন জাহান এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর প্রেস ক্লাবের উপদেষ্টা তুহিন অরণ্য, এসময় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা এনসিটিএফ এর সাবেক সভাপতি মেহেরপুর নিউজ এর স্টাফ রিপোর্টার এসএম মেহেরাব হোসেন, মেহেরপুর সদর উপজেলা এনসিটিএফ এর সভাপতি মুশফিকুর রহমান রিয়াদ, মেহেরপুর জেলা এনসিটিএফ’র সাধারণ সম্পাদক নুসরাত শারমিন, মেহেরপুর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির ডেপুটি ডিরেক্টর কামরুল আলম।
এসময় সেখানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা এনসিটিএফ এর সাবেক শিশু গবেষক সায়মুন ইসলাম এনসিটিএফ সদস্য নিরব, পুলক, র্যামী, সপ্তমী, রাফি জেলা এনসিটিএফ’র ভলেন্টিয়ার এস এম আব্দুল

মান্নাফ সহ এনসিটিএফ সদস্যবৃন্দরা।
উল্লেখ্য ন্যাশনাল চিলড্রেনস ট্রাস্কফোর্স এনসিটিএফ জাতীয় পর্যায়ের একটি শিশু সংগঠন শিশুদের দ্বারা গঠিত এবং পরিচালিত এনসিটিএফ এর মূল লক্ষ্য সারাদেশে শিশুদের অধিকার প্রতিষ্ঠা করা।

মেহেরপুরে ৬ দিনের সফরে আসছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী

করোনা ভাইরাসের কারণে দীর্ঘ সময় পর জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য এবং মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ফরহাদ হোসেন ৬ দিনের সরকারি সফরে মেহেরপুরে আসছেন ।
৬ দিনের এই সফর কালে তিনি মেহেরপুরের বিভিন্ন সরকারি, বেসরকারী ও দলীয় অনুষ্ঠানে অংশ নেবেন। জনপ্রশাসন প্রতিমন্ত্রীর একান্ত সচিব স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।
সফরসুচীর মধ্যে রয়েছে আগামী বুধবার বিকাল ৫ টায় ঢাকা বেইলি রোডস্থ সরকারী বাসভবন থেকে নভোএয়ারযোগে যশোরের উদ্দেশ্যে রওনা হবেন। যশোর বিমানবন্দর থেকে সড়ক পথে ঝিনাইদহ হয়ে মেহেরপুর নিজ বাসভবনে পৌছাবেন।

মেহেরপুরে পাখিভ্যানের চাকায় পিষ্ট হয়ে এক শিশুর মৃত্যু

মেহেরপুরের আমঝুপিতে পাখিভ্যানের চাকায় পিষ্ট হয়ে হাদিসুর (৫) নামের এক শিশু নিহত হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার দিকে এ ঘটনা ঘটে। নিহত হাদিসুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামের শেখ পাড়ার জসিরুল ইসলামের ছেলে।

স্থানীয়রা জানান, একটি পাখিভ্যান ৪জন যাত্রী নিয়ে আমঝুপি থেকে গাড়াডোব যাবার পথে খোকশা শেখ পাড়া নামক স্থানে পৌঁছালে শিশু

হাদিসুর পাখিভ্যানের নিচে চাপা পড়ে ঘটনাস্থলে তার মৃত্যু হয়।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দার জানান, বিষয়টি আমার জানা নেই, ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে খোঁজখবর নেওয়ার চেষ্টা করছি। পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে। হাদিসুরের এ মর্মান্তিক মৃত্যুতে পরিবার জুড়ে নেমে এসেছে শোকের ছায়া।

আলমডাঙ্গার দুর্লভপুরে ভেজাল ধানের বীজ নিয়ে বিপাকে কৃষক

আলমডাঙ্গার দুর্লভপুরে ভেজাল ধানের বীজ নিয়ে বিপাকে পড়েছেন কৃষকেরা। বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন থেকে কেনা চলতি আউশ মৌসুমের ব্রি-এসএল এইট এইচ জাতের সুপার হাইব্রিড ধানের বীজ চাষ করে ক্ষতিগ্রস্থ হয়েছেন বলে দাবি তাদের।

ধানের ক্ষতিপূরণ ও বীজ ব্যবসায়ীদের বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে লিখিত অভিযোগ করেন কৃষকেরা।

কৃষকদের অভিযোগ, আলমডাঙ্গা উপজেলার কুমারি ইউনিয়নের দুর্লভপুর গ্রামের ১০ জন কৃষক এ বছর আউশ মৌসুমের জন্য দ্রুত ফলনশীল ব্রি-এসএল এইট এইচ জাতের সুপার হাইব্রিড ধানের বীজ চাষ করে। তারা ধানের বীজ সানমুন সীড ষ্টোর ও সুমন বীজ ভান্ডার থেকে ক্রয় করেন। সানমুন সীড ষ্টোর আলমডাঙ্গা পৌর শহরের বীজ পট্রিতে অবস্থিত।

সানমুন সীড বাংলাদেশ কৃষি মন্ত্রণালয় কতৃক অনুমোদন প্রাপ্ত ও বি.এ.ডি.সির বীজ ও সারের একমাত্র ডিলার। কিন্তু সুমন বীজ ভান্ডার খুচরা বিক্রয়কৃত দোকান।

গত কয়েক মাস পূর্বে উপজেলার কুমারি ইউনিয়নের দুর্লভপুর গ্রামের রাজু হোসেনের ছেলে ফিরোজ, আব্দুল হান্নানের ছেলে আরিফুল, মুকুলের ছেলে উজ্জল, নাজিমুদ্দিনের ছেলে আওয়াল, মিনাজ, জয়নাল মন্ডলের ছেলে সেন্টু, সারোয়ার, মৃত কেরামত আলীর ছেলে মকে ওরফে

মুকুল, আফসারের ছেলে সফল। এ গ্রামের মোট ১০ জন কৃষক ১৫ বিঘা জমিতে ব্রি-এসএল এইট এইচ জাতের সুপার হাইব্রিড ধান চাষ করেছে।

ঝিনাইদহের মধুপুরে মৃত চিতাবাঘ উদ্ধার,উৎসুক জনতার ভিড়

ঝিনাইদহের মধুপুর গ্রামের চৌরাস্তা থেকে একটি মৃত চিতাবাঘ উদ্ধার।কোথা থেকে আসলো এই চিতাবাঘ?এসব নিয়ে সকলের মধ্যে কৌতুহল বিরাজ করছে এবং গ্রামবাসী চিতাবাঘ দেখতে ভীড় জমাচ্ছে।

সোমবার দুপুর ১২ টার দিকে ঝিনাইদহ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের পাশের একটি ধানের জমি থেকে মৃত চিতাবাঘটি উদ্ধার করা হয়। গ্রামবাসী জানায়,স্থানীয় ২ জন ব্যক্তি জমিতে ধান কাটতে আসে। হঠাৎ করেই তারা লক্ষ্য করে ধানের জমিতে কিছু একটা পড়ে রয়েছে।এরপর তারা যখন বুঝতে পারে এটি একটি মৃত পশু।তখন তারা মৃত পশুটির কাছে আসে এবং স্থানীয় ব্যক্তিবর্গের মাধ্যমে চিতাবাঘটি শনাক্ত করে। স্থানীয়দের ধারণা চিতাবাঘটি দুই দিন আগে মারা গেছে।

কোটচাঁদপুর ইউনিয়ন যুবলীগের শোক দিবসের দোয়া ও খাবার বিতরণ অনুষ্ঠিত

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবসে সকল শহীদের মাগফিরাত কামনায় বাংলাদেশ আওয়ামী যুবলীগ উপজেলার শাখার মাসব্যাপী কর্মসূচি হিসাবে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার কুশনা ইউনিয়ন যুবলীগের

উদ্যোগে দোয়া অনুষ্ঠান ও খাবার বিতরণ করা হয়েছে।

সোমবার বিকালে কুশনা ইউনিয়ন আওয়ামী যুবলীগের আয়োজনে স্থানীয় ইউনিয়ন পরিষদ চত্তরে আলোচনা সভা, দোয়া অনুষ্ঠান ও খাবার বিতরণ করা হয়। কুশনা ইউপি চেয়ারম্যান ও ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক আব্দুল হান্নানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ইউনিয়ন আ.লীগের সভাপতি আবুল হোসেন আবু।

ইউপি সদস্য ও যুবলীগ নেতা গোলাম কিবরিয়া বিপ্লবের সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান বক্তা ছিলেন, সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও জেলা যুবলীগের যুগ্ন-আহ্বায়ক মোঃ রাশিদুর রহমান। বিশেষ অথিথি হিসাবে উপস্থিত ছিলেন, কুশনা ইউনিয়ন আ.লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, উপজেলা যুবলীগের আহ্বায়ক মীর মনিরুল আলম মনি, যুগ্ন-আহ্বায়ক আশরাফুল ইসলাম খোকন, যুগ্ন-আহ্বায়ক মোঃ আজম বিশ্বাস।

এছাড়াও সভায় বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, পৌর যুবলীগের সভাপতি মেহেদী হাসান বুলবুল, উপজেলা আ.লীগের সহ-সভাপতি কায়দার রহমান, উপজেলা যুবলীগের সাবেক সভাপতি মীর কামেম আলী, উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক ও ইউপি সদস্য বিএম নাসির উদ্দিন প্রমূখ। আলোচনা সভা শেষে দোয়া অনুষ্ঠান এবং দুস্থ্যদের মাঝে খাবার বিতরণ করা হয়।

গাংনীতে হেরোইন ও ইয়াবাসহ ১১ মামলার আসামী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী এলাকায় অভিযান চালিয়ে ইয়াবা,হেরোইন ও হেরোইন বিক্রির টাকাসহ সেন্টু মিয়া (৩৮) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

সোমবার রাতে বামুন্দী এলাকা থেকে তাকে আটক করা হয়। সেন্টু মিয়া

বামুন্দী চেরাগী পাড়ার মৃত ছবকুল হোসেন এর ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে বামুন্দী এলাকায় হেরোইন ও ইয়াবা বিক্রির উদেশ্যে সেন্টু মিয়া অবস্থান করছে এমন খবর পেয়ে মেহেরপুর ডিবি পুলিশের এসআই হাবিবুর রহমানের নেতৃত্বে এসআই রুবেল আহমেদ এএসআই আহসান হাবীবসহ সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালায়।

এসময় সেন্টু মিয়াকে আটক করার পর তার কাছ থেকে ৬ পিস ইয়াবা, ৩ গ্রাম হেরোইন ও হেরোইন বিক্রির ৯’শ টাকা উদ্ধার করা হয়।

এ ঘটনায় তার বিরুদ্ধে গাংনী থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। তার বিরুদ্ধে আরও ১১টি মাদকের মামলা বিচারাধীন আছে।